# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

জনতা ব্যাংক লিমিটেড

নভেম্বর, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

১৮৮৭৩৫৯

**<u>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর এবং জনতা ব্যাংক লিমিটেড এর মধ্যে সমঝোতা স্মারক</u>**

এই সমঝোতা স্মারকটি ২৪-১১-২০১৪ তারিখে স্বাক্ষরিত।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।

এবং

জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা।

## প্রস্তাবনা

যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী ব্যাপক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। জাতীয় যুবনীতি'র আলোকে ১৮-৩৫ বছর বয়সের জনগোষ্ঠী যুব হিসাবে চিহ্নিত। যুবসমাজ দেশের মূল চালিকা শক্তি। এ দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ হল যুব জনসংখ্যা। বাংলাদেশে যুব জনসংখ্যা হল প্রায় ৫.৫০ কোটি। অশিক্ষা, কারিগরী জ্ঞানের অভাব ও বেকারত্ব যুবদের অন্যতম প্রধান সমস্যা হিসেবে পরিগণিত। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষিত যুবদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তার জন্য দপ্তরের নিজস্ব তহবিল হতে দেশব্যাপী ক্ষুদ্র ঋণ পরিচালনা করা হচ্ছে। এ কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষিত যুবদের মাত্র ১২-২৫ ভাগকে ঋণ সুবিধা প্রদান করা যায়। দপ্তরের সামর্থের (কাঠামো, জনবল ও সম্পদ) সীমাবদ্ধতার কারণে উল্লেখযোগ্য সংখ্যক প্রশিক্ষিত যুবরা এ ঋণ সুবিধার বাইরে থেকে যায়। ফলে, প্রশিক্ষণের আসল উদ্দেশ্য আত্ম-কর্মসংস্থান সৃজন অনেকাংশে বিঘ্নিত হয়। জনতা ব্যাংক লিমিটেড রাষ্ট্রের একটি বৃহত্তম ব্যাংক। এ ব্যাংক সারা দেশে বিস্তৃত শাখাসমূহের মাধ্যমে বিভিন্ন শ্রেণীর মানুষকে নানা ধরনের সেবা প্রদানসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। এর ধারাবাহিকতায় জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত এ বিশাল যুব জনগোষ্ঠির আত্ম-কর্মসংস্থান সৃজনের নিমিত্তে পুঁজি সরবরাহের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে "প্রশিক্ষিত যুবদের জন্য ঋণ" কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। এ ঋণ কার্যক্রমের মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড পুঁজি সরবরাহ করতঃ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্ম-কর্মসংস্থান সৃজন প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারবে।

**১.০০। সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী ঃ**

ক. দেশের অন্যতম প্রধান চালিকা শক্তি যুবসমাজ। এ যুবসমাজের বেকার ও প্রশিক্ষিত যুবদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে পুঁজি সরবরাহ করতঃ তাদের আত্ম-কর্মসংস্থান সৃজন ও রাষ্ট্রীয় উন্নয়ন ত্বরান্বিত করা;

খ. প্রশিক্ষিত বেকার যুবদের ঋণ ব্যবহারে দক্ষ করে তোলা;

গ. ঋণগ্রহীতাদের মাইক্রোসেভিংসকে উৎসাহিত করা;

ঘ. যুব ঋণগ্রহীতাদের মধ্য হতে দক্ষতা ও যোগ্যতা সম্পন্নদের পর্যায়ক্রমে উদ্যোক্তায় উপনীত করা।

**২.০০। যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ে করণীয় ঃ**

ক. যুব প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/ অনাবাসিক/ ভ্রাম্যমাণ) প্রশিক্ষণকালীন প্রতিভাবান আত্ম-কর্মসংস্থান সৃজনে উৎসাহী, ঝুঁকি গ্রহণেচ্ছু, কিছু নিজস্ব সম্পদ বিনিয়োগ সামর্থ ও নৈতিকতা সম্পন্ন প্রতিভাবান প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালীন বাছাইকরণ;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৭৫৭৪০৪৮

খ. প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে ঋণ প্রদানের উপযুক্ত প্রার্থীদের তালিকা ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় সুপারিশসহ প্রেরণ করা;
গ. জনতা ব্যাংক হতে ঋণ গ্রহণকারী যুবগণ আত্ম-কর্মসংস্থানমূলক প্রকল্প সৃজন করতঃ অব্যাহতভাবে তা পরিচালনা করছে কিনা তার তদারকি করা;
ঘ. জনতা ব্যাংকের বিতরণকারী শাখাকে ঋণের কিস্তি/ ঋণ আদায়ে সহায়তা করা;
ঙ. প্রতি তিন মাসে একবার সংশ্লিষ্ট জেলাধীন ব্যাংকের শাখাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে আনুষ্ঠানিক সভা করতঃ ঋণ বিতরণ, আদায় ও আত্ম- কর্মসংস্থান সৃজন পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন করা;
চ. যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (আবাসিক/ অনাবাসিক/ ভ্রাম্যমাণ) অনুষ্ঠেয় কোর্সসমূহে অতিথি বক্তা হিসেবে ব্যাংক কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো।

**৩.০০। জনতা ব্যাংক লিমিটেড এর শাখা পর্যায়ে করণীয় ঃ**

ক. যুবদের ঋণ প্রদানের জন্য পর্যাপ্ত বরাদ্দের সংকুলান রাখা;
খ. যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা থেকে প্রেরিত প্রশিক্ষণপ্রাপ্ত ঋণ প্রত্যাশীদের তালিকা হতে নিম্নের ৫.০০ নং ক্রমিকে বর্ণিত শর্তাবলী ও সংশ্লিষ্ট সার্কুলার অনুসরণপূর্বক ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করা;
গ. যুব ঋণগ্রহীতাদেরকে পর্যায়ক্রমে উদ্যোক্তায় উপনীত হতে সহায়তা করা;
ঘ. যথাসময়ে ঋণ পরিশোধকারীদের দ্রুত পুনরায় ঋণ সুবিধা প্রদান করা।

**৪.০০। সমঝোতা স্মারক বাস্তবায়ন পদ্ধতি ঃ**

**ক. যুব উন্নয়ন অধিদপ্তর পর্যায়ে ঃ**

১. যুব উন্নয়ন অধিদপ্তরের দারিদ্র বিমোচন ও ঋণ শাখার পরিচালক এ স্মারকে বর্ণিত বিষয়বস্তুর সফল বাস্তবায়নের নিমিত্তে মহাপরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;
২. মহাপরিচালক মহোদয় সমঝোতা স্মারকে বর্ণিত অধিদপ্তরের পক্ষে বিভিন্ন করণীয় বিষয়ে যথাস্থানে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন;
৩. ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ ও সংরক্ষণ এবং মহাপরিচালককে অবহিত করবেন।

**খ. জনতা ব্যাংক লিমিটেড পর্যায়ে ঃ**

১. ব্যাংকের প্রধান কার্যালয়ের রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট- ৪ এর সংশ্লিষ্ট সহকারী মহাব্যবস্থাপক ব্যাংকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;
২. ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালনকারী ঋণ বিতরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনাসহ সংশ্লিষ্ট শাখাসমূহে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন;
৩. নিয়মিত ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন।

গ. স্মারক বাস্তবায়নে কোন অসুবিধা দেখা দিলে তা নিরসন এবং কোন সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয় ফোকাল পয়েন্ট উদ্যোগ গ্রহণ করবেন।

**৫.০০। শর্তাবলী ঃ**

১. প্রশিক্ষণপ্রাপ্ত যুবগণ, যারা প্রশিক্ষণলব্ধ বিষয়ে আত্ম-কর্মসংস্থান সৃজনে পরীক্ষামূলকভাবে কাজ শুরু করে কিছু (২০%) বিনিয়োগ করেছেন;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কচ ৭৫৭৪০৫০

২. প্রকল্পভেদে পর্যায়ক্রমে ঋণের সর্বোচ্চ পরিমাণ হবে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা;

৩. ৮০,০০০/- (আশি হাজার) টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে প্রকল্পে উৎপাদিত পণ্য/ বস্তু ও অন্যান্য সরঞ্জামাদি প্রাথমিক জামানত হিসেবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে এবং ঋণ আবেদনকারীর পিতা/ মাতা/ ভাই/ বোন/ স্ত্রী/ স্বামী এর নিকট থেকে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণসহ ব্যাংকের নিকট গ্রহণযোগ্য তৃতীয় পক্ষের অপর ১ (এক) জন ব্যক্তির নিকট থেকে গ্যারান্টি গ্রহণ করতে হবে।

৪. ৮০,০০০/- (আশি হাজার) টাকার উর্ধ্বের ঋণের ক্ষেত্রে প্রকল্পে উৎপাদিত পণ্য/ বস্তু ও অন্যান্য সরঞ্জামাদি প্রাথমিক জামানত হিসেবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে এবং ঋণের ন্যূনতম দেড়গুণ মূল্যের সম্পত্তি/ জমি ব্যাংকের নিকট রেজিস্ট্রার্ড মর্টগেজ মূলে বন্ধক থাকবে।

৫. ঋণের মেয়াদ প্রকল্পভেদে ০৬ (ছয়) মাস থেকে ০৩(তিন) বছর পর্যন্ত হবে এবং ঋণ এককলীন, মাসিক ও ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে।

৬. ঋণের সুদের হার ১০% (পরিবর্তনযোগ্য)।

৭. ঋণগ্রহীতাকে এ্যাকাউন্টের মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে।

৮. ঋণগ্রহীতাগণকে নির্ধারিত তারিখে ব্যাংকে উপস্থিত হয়ে ঋণের কিস্তি ও মাসিক সঞ্চয় জমা দিতে হবে।

৯. অধিদপ্তরের প্রশিক্ষিত যুবগণ জনতা ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় প্রাথমিকভাবে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে সঞ্চয়ী হিসাব খুলতে পারবেন।

১০. যেহেতু এ ঋণ কার্যক্রম তদারকিধর্মী সেহেতু ঋণগ্রহীতাদেরকে উভয়পক্ষ (অধিদপ্তর ও ব্যাংক) হতে তদারকিতে রাখতে হবে।

১১. জেলা/ উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয় হতে জনতা ব্যাংকের ঋণ বিতরণকারী শাখাকে ঋণের কিস্তি/ ঋণ আদায়ে সহায়তা করতে হবে।

সাক্ষী ঃ

১। [illegible signature] ২৪.১১.১৪
[illegible]

২। [illegible signature]
[illegible]

৩। [illegible signature] ২৪/১১/১৪
[illegible]

৪। [illegible signature]
[illegible]

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন
যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে

[signature] ২৪/১১/২০১৪ খ্রি:
মহাপরিচালক

জনতা ব্যাংক লিমিটেড এর পক্ষে

[signature]
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

মোঃ আব্দুস সালাম
সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক
জনতা ব্যাংক লিমিটেড
ঢাকা, বাংলাদেশ